



বাংলাদেশ বার কাউন্সিল

BANGLADESH BAR COUNCIL

(সরকারের একটি সংবিধিবদ্ধ স্বায়ত্তশাসিত সংস্থা যা ১৯৭২ সালে মহামান্য রাষ্ট্রপতির ৪৬ নং আদেশ দ্বারা গঠিত)
A Statutory Autonomous Body of the Government Constituted Under President's Order No. 46 of 1972
Bar Council Bhaban, 3, Shahid Capt. Mansur Ali Swarani, Shahbag, Dhaka-1000, Bangladesh
PHONE : PABX : 88-02-9567056, 9569807, 9569809, Fax: 88-02-9554959
E-mail : info@barcouncil.gov.bd, bangladeshbarcouncil@gmail.com
Web : www.barcouncil.gov.bd

স্মারক নং-বিবিসি/রেজিঃ/২০১৮/১৪০৩

তারিখঃ ২০ মে, ২০১৬ খ্রিস্টাব্দ
৬ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ

জরুরী নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অবগতির জন্য জানানো যাইতেছে যে, যে সকল বেসরকারী বিশ্ববিদ্যালয় তাহাদের আইন (সম্মান) শিক্ষার্থীদের ভর্তি তালিকা এবং উত্তীর্ণ শিক্ষার্থীদের তালিকা নিয়মিতভাবে বাংলাদেশ বার কাউন্সিলে প্রেরণ করিতেছেন না তাহারা আগামী ১৫-০৬-২০১৮ইং তারিখের মধ্যে অদ্যাবধি পর্যন্ত ভর্তিকৃত ও উত্তীর্ণ শিক্ষার্থীদের তালিকার হার্ড কপি (প্রদত্ত ছক মোতাবেক) সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, শাহবাগ, ঢাকা বরাবর ও সফট কপি ই-মেইল এড্রেসে (bangladeshbarcouncil.reg@gmail.com) প্রেরণের জন্য বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ করা হইল। সফট কপি উল্লেখিত ই-মেইলে এবং হার্ড কপি স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও ল' ফ্যাকাশ্টি ডীন কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

উল্লেখ্য, যে সকল বেসরকারী বিশ্ববিদ্যালয় ইতোমধ্যেই ভর্তিকৃত এবং উত্তীর্ণ শিক্ষার্থীদের তালিকা যথাযথভাবে বার কাউন্সিলে প্রেরণ করিয়াছেন তাহাদেরকে পুনরায় তালিকা প্রেরণ করিতে হইবে না। তবে, যে সেমিস্টার পর্যন্ত তালিকা বার কাউন্সিলে প্রেরণ করা হইয়াছে তাহার পরবর্তী সেমিস্টার হইতে তালিকা প্রেরণ করিতে হইবে। অর্থাৎ একই সেমিস্টারের তালিকা একাধিকবার প্রেরণের প্রয়োজন নাই।

নির্দেশনা মোতাবেক যথাযথ ভাবে তালিকা প্রেরণ করিতে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বার কাউন্সিলের রেজিস্ট্রেশন কার্ড প্রদান করা হইবে না। তাই শিক্ষার্থীদের স্বার্থে নির্ভুলভাবে তালিকা প্রেরণ করিতে বলা হইল।

যে সকল বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বার কাউন্সিলের চাহিদা মোতাবেক যথাযথভাবে সকল প্রকার নথি ও তথ্যাদি সরবরাহ করিবেন, সেই সকল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ধারাবাহিকভাবে পর্যায়ক্রমে রেজিস্ট্রেশন কার্ড প্রদান করা হইবে, সেই ব্যাপারে যথাসময়ে বার কাউন্সিলের অফিসিয়াল ওয়েব সাইটে (www.barcouncil.gov.bd) নোটিশ প্রকাশ করা হইবে।



মোঃ রফিকুল ইসলাম
সচিব

(জেলা ও দায়রা জজ)
বাংলাদেশ বার কাউন্সিল

বিতরণঃ

রেজিস্ট্রার

নর্থ সাউথ ইউনিভার্সিটি, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ, ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি, চিটাগাং, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি, দি ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক, গণ বিশ্ববিদ্যালয়, দি পিপল'স ইউনিভার্সিটি অব বাংলাদেশ, ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ব্র্যাক ইউনিভার্সিটি, মানারত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশ ইউনিভার্সিটি, লিডিং ইউনিভার্সিটি, বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশ, সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অন্টারনেটিভ, প্রিমিয়ার ইউনিভার্সিটি, সাউথইস্ট ইউনিভার্সিটি, স্টামফোর্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ, ড্যাফিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ, সিটি ইউনিভার্সিটি, প্রাইম ইউনিভার্সিটি, নর্দান ইউনিভার্সিটি অব বাংলাদেশ, সাউদার্ন ইউনিভার্সিটি অব বাংলাদেশ, গ্রীণ ইউনিভার্সিটি অব বাংলাদেশ, ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ, শান্ত মরিয়ম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি, দি মিলেনিয়াম ইউনিভার্সিটি, ইস্টার্ন ইউনিভার্সিটি, বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি, মেট্রোপলিটন ইউনিভার্সিটি, উত্তরা ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি এন্ড সায়েন্স, প্রাইম এশিয়া ইউনিভার্সিটি, অতীশ দিপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ইসলামী ইউনিভার্সিটি, আশা ইউনিভার্সিটি বাংলাদেশ, ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ, বরেন্দ্র ইউনিভার্সিটি, নর্থ ইস্ট বিশ্ববিদ্যালয়, ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ, ঈশাখা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ, জেড.এইচ. সিকদার সায়েন্ট এন্ড টেকনোলজি, এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয়, নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি, খাজা ইউনুস আলী ইউনিভার্সিটি, সোনারগাঁও ইউনিভার্সিটি, ফেনী ইউনিভার্সিটি, ব্রিটানিয়া ইউনিভার্সিটি, পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, চিটাগাং ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি, নটরডেম ইউনিভার্সিটি, টাইমস ইউনিভার্সিটি, নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ফারহিস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, রাজশাহী সায়েন্স এন্ড টেকনোলজি, শেখ ফজিলাতুনন্নেছা মুজিব ইউনিভার্সিটি, কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, রণদা প্রসাদ সাহা ইউনিভার্সিটি, সিসিএন ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি, বাংলাদেশ আর্মি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ, ক্যানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক আইন অনুযায়ী পরিচালনার অনুমোদন রহিয়াছে এমন বেসরকারী বিশ্ববিদ্যালয়।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। উপ-সচিব, বাংলাদেশ বার কাউন্সিল।
- ২। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, এনরোলমেন্ট শাখা, বাংলাদেশ বার কাউন্সিল।
- ৩। সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ বার কাউন্সিল।
- ৪। সহকারী পরিচালক (আইটি), বাংলাদেশ বার কাউন্সিল।
- ৫। অফিস কপি।



(সারমিন সুলতানা রাব্বী)
সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রেশন শাখা
বাংলাদেশ বার কাউন্সিল

